

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ নির্বাচন ২০২২-২০২৩
রিটার্নিং অফিসারের কার্যালয়
হরিপুর, ঠাকুরগাঁও
www.haripur.thakurgaon.gov.bd

গণ-বিজ্ঞপ্তি

বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদের গঠনতন্ত্র-২০১০ এর ধারা ১৫ এবং ১৮ অনুযায়ী আমি এ কে এম শরীফুল হক, উপজেলা নির্বাহী অফিসার ও রিটার্নিং অফিসার এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানাইতেছি যে, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল, জেলা/মহানগর ও উপজেলা কমান্ডসমূহের নির্বাচনের উদ্দেশ্যে নির্বাচন কমিশন ১৪-০৩-২০২৩ তারিখ গণ-বিজ্ঞপ্তির মাধ্যমে বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল, জেলা/মহানগর ও উপজেলা কমান্ডসমূহের নির্বাচন অনুষ্ঠানের উদ্দেশ্যে নিম্নবর্ণিত সময়সূচি ঘোষণা করিয়াছে ;

ক) ভোটার তালিকা প্রকাশঃ

ক্রঃ নংঃ	বিবরণ	সময়কাল
০১	খসড়া ভোটার তালিকা প্রকাশ	: ১৯-০৩-২০২৩(রবিবার)
০২	খসড়া ভোটার তালিকার উপর দাবি, আপত্তি ও সংশোধনী গ্রহণের শেষ তারিখ	: ২২-০৩-২০২৩(বুধবার)
০৩	দাবি, আপত্তি ও সংশোধনী নিষ্পত্তির তারিখ	: ২৮-০৩-২০২৩(মঙ্গলবার)
০৪	চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ	: ০২-০৪-২০২৩(রবিবার)

খ) নির্বাচনী তফসিলঃ

০১	মনোনয়নপত্র দাখিলের তারিখ	: ০৫-০৪-২০২৩(বুধবার)
০২	মনোনয়নপত্র বাছাই	: ০৯-০৪-২০২৩(রবিবার)
০৩	প্রার্থিতা বাতিলের আদেশের বিরুদ্ধে আপিলের তারিখ	: ১১-০৪-২০২৩(মঙ্গলবার)
০৪	আপিল নিষ্পত্তির তারিখ	: ১৩-০৪-২০২৩(বৃহস্পতিবার)
০৫	মনোনয়নপত্র প্রত্যাহারের সর্বশেষ তারিখ	: ১৬-০৪-২০২৩(রবিবার)
০৬	চূড়ান্ত প্রার্থীর তালিকা প্রকাশ	: ১৭-০৪-২০২৩(সোমবার)
০৭	প্রতীক/ব্যালট নম্বর প্রদানের তারিখ	: ১৮-০৪-২০২৩(মঙ্গলবার)
০৮	ভোট গ্রহণের তারিখ	: ১৩-০৫-২০২৩(শনিবার)

ভোট গ্রহণ সময়সীমাঃ বিরতিহীনভাবে সকাল ০৯:০০ হতে বিকাল ০৪:০০ টা পর্যন্ত ব্যালট পেপারের মাধ্যমে

২। নির্বাচনি এলাকার সকল বাসিন্দাদের জ্ঞাতার্থে আমি আরও জানাইতেছি যে, আগামী ১৩-০৫-২০২৩ তারিখ সকাল ০৯:০০ ঘটিকা হইতে বিকাল ০৪:০০ ঘটিকা পর্যন্ত উল্লিখিত নির্বাচনি এলাকা হইতে বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ উপজেলা কমান্ডের নির্বাচনে অংশগ্রহণ করিবার জন্য ইচ্ছুক প্রার্থীদের নিকট হইতে উপজেলা নির্বাহী অফিসার ও রিটার্নিং অফিসারের কার্যালয়, হরিপুর, ঠাকুরগাঁও এ মনোনয়নপত্র গৃহীত হইবে।

৩। উল্লিখিত নির্বাচন ব্যালট পেপারের মাধ্যমে অনুষ্ঠিত হইবে।

তারিখঃ ১৬-০৩-২০২৩

নির্বাচনি এলাকার নামঃ হরিপুর উপজেলা, ঠাকুরগাঁও।


এ কে এম শরীফুল হক
উপজেলা নির্বাহী অফিসার

ও
রিটার্নিং অফিসার

বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ নির্বাচন ২০২২-২০২৩
হরিপুর, ঠাকুরগাঁও।

অনুলিপিঃ-

- ০১। জেলা প্রশাসক, ঠাকুরগাঁও
- ০২। নোটিশ বোর্ড
- ০৩। নোটিশ বোর্ড (মুক্তিযোদ্ধা কমপ্লেক্স, হরিপুর, ঠাকুরগাঁও)
- ০৪। নোটিশ বোর্ড, (ইউনিয়ন পরিষদ সকল)।